ঝিনাইদহ জেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল

জ্বালানি তেল, পরিবহন খাতে ভাড়া ও সকল পন্যের মূল্যবৃদ্ধিসহ ভোলায় পুলিশের গুলিতে নিহতের ঘটনায় ঝিনাইদহে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে শহরের মর্ডান মোড় থেকে পৌর বিএনপির উদ্যোগে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেসক্লাবের সামনে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, এড মুন্সি কামাল আজাদ পান্নু, সাজেদুর রহমান পাপপু, আনোয়ারুল ইসলাম বাদশা, সদর পৌর বিএনপির আহবায়ক মোঃ আব্দুল মজিদ বিশ্বাস, পৌর বিএনপি’র সাধারন সম্পাদক মাহবুবুর রহমান শেখর, এনামুল কবীর মুকুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম শফি বিশ্বাস, সহ অংঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি এ্যড এম এ মজিদ বলেন, ভারতের এই সেবাদাশ সরকার দেশ পরিচালনায় ব্যার্থ। সরকারের মন্ত্রী এমপিরা আউলায়ে গেছে। তাদের লাগামহীন ও দেশ বিরোধী কথায় প্রমান করে দেশের স্বাধীনতা ও সর্বভৌমত্ব ভারতের কাছে ইজারা দিয়েছে।

তিনি বলেন, রক্ত দিয়ে দেশ স্বাধীন হয়েছে ভারতের তাবেদারী করার জন্য নয়। মজিদ বলেন, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি করে হাসিনা সরকার দেশকে দুর্ভিক্ষের দিকে ঠেলে দিচ্ছে।

গাংনীতে অভিভাবক, শিক্ষক,

স্কুল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা

ছাত্র ছাত্রীদের স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার স্কুল মিলনায়তন রুমে দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয় এই সমন্বয় সভার আয়োজন করেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মোঃ মোমিনুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মনিরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার প্যানেল মেয়র কাউন্সিলর সামিউল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর গাংনী এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিন।

এছাড়া উপস্থিত ছিলেন, অভিভাবক, শিক্ষকবৃন্দ। স্কুল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভার বিস্তারিত আলোচনা ও শিক্ষার মান উন্নয়ন তুলে ধরে আলোচনা করেন অতিথি বৃন্দ।

অনিয়মিত শিক্ষার্থীদের নিয়মিত বিদ্যালয়মুখী করা ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, দ্বিমাসিক ভিত্তিতে অভিভাবক সমাবেশে শিক্ষার্থীদের ভাল ফলাফল করানো,দূর্বল শিক্ষার্থীদের বাড়তি নজর দেওয়া,সহ নানা সিদ্ধান্ত গৃহীত হয় অভিভাবক সমাবেশে।

কার্পাসডাঙ্গায় বেশি দামে

বিক্রি সার করায় জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম। মঙ্গলবার সকাল ১০টার দিকে তিনি এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় কার্পাসডাঙ্গা ব্রিজ মোড়ে অবস্থিত মেসার্স হাসিবুর ট্রেডার্সের মালিক হাসিবুর রহমান হাসিব ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করছে এমন অভিযোগের ভিত্তিতে সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১২ ধারা মোতাবেক দোষী প্রমাণিত হওয়ায় তাকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস ও দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকশ দল।

এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম বলেন, কেউ যাতে কৃত্রিম সংকট দেখিয়ে সারের দাম বেশি না নিতে পারে, সে বিষয়ে তদারকি ও ভ্রাম্যমাণ আদালত জোরদার করা হবে।

গাংনীতে প্রেমে ব্যর্থ হয়ে ছাত্রী ও মায়ের সাথে অভিমানে যুবকের ঘুমের বড়ি সেবন

প্রেমে ব্যর্থ হয়ে কলেজ ছাত্রী ও মায়ের সাথে অভিমান করে যুবক ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার চেষ্টা করেছেন। তারা হলেন, গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের কলিম উদ্দীনের মেয়ে লিমা খাতুন (১৮) ও একই উপজেলার কাজিপুর গ্রামের আতিয়ার রহমানের ছেলে রবিন (২০)।

লিমা খাতুন সকালের দিকে ও রবিন দুপুরের দিকে ঘুমের বড়ি খান। তাদের দুজনকেই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে লিমা খাতুনের বান্ধবী বলেন, প্রেমে ব্যর্থ হয়ে লিমা খাতুন ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যা চেষ্টা চালায়। মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এদিকে রবিন তার মায়ের সাথে গতরাতে ভাত খাওয়াকে কেন্দ্র করে অভিমান করে আজ মঙ্গলবার দুপুরের দিকে এলার্জির বড়ি সেবন করে আত্মহত্যার চেষ্টা চালায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ বলেন, তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে।

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার ৪ জন

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলার ৪ আসামী গ্রেফতার করেছে। এরা সকলেই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া মামলার আসামি।

এসময় তাদের কাছ থেকে সাড়ে তিন শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশ দুই শ গ্রাম গাঁজাসহ ২ জনকে ও সদর থানা পুলিশ দেড় শ গ্রাম গাঁজাসহ ১ জনকে ও অপর একটি মামলায় ১জনসহ দুই জনকে গ্রেফতার করেছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের একাধিক টিম দুটি উপজেলার পৃথক গ্রামে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহদী রাসেলের নেতৃত্বে

পুলিশের একাধিক টিম এসব অভিযান চালান।

এসময় গাংনী থানায় মারামারি মামলা, মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুটি মামলা ও সদর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ও অন্যান্য আইনে ১ টি মামলা রুজ্জু করা হয়েছে। গ্রেফতারকৃত আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে গাঁজাসহ ওয়াজ্জেল শেখ আটক

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ ওয়াজ্জেল শেখ (৬০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটক ওয়াজ্জেল শেখ মেহেরপুর সদর উপজেলার রাইপুর খন্দকারপাড়া গ্রামের আহাম্মদ শেখের ছেলে। মঙ্গলবার দুপুরের দিকে সদর থানার এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে ১৫০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

এএসআই শাকিল খান বলেন, ওয়াজ্জেল হোসেন এলাকার চিহিৃত একজন গাঁজা ব্যবসায়ী। আজকে সে গাঁজা বিক্রি করছে এমন সংবাদে অভিযান চালিয়ে তাকে এই গাঁজাসহ আটক করা হয়।

আটক ওয়াজ্জেল হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

ঝিনাইদহে নবাগত পুলিশ সুপারকে বরণ ও দ্বায়িত্ব ভার হস্তান্তর

ঝিনাইদহ জেলা পুলিশের পক্ষ থেকে নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান, বিপিএম, পিপিএম (বার), কে ঝিনাইদহ জেলা পুলিশের পক্ষ থেকে বরণ করে নেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন অফিসার বৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া বিদায়ী পুলিশ সুপার জনাব মুনতাসিরুল ইসলাম, পিপিএম (অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত) এর বদলী জনিত কারনে মঙ্গলবার ঝিনাইদহের নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান, বিপিএম, পিপিএম (বার) এর নিকট দায়িত্বভার হস্তান্তর করেন।

ইউপি চেয়ারম্যান মতিনের ক্ষমতার দাপট?

সড়ক দূর্ঘটনা ঘটিয়েও আহতকে চিকিৎসার ব্যবস্থা না করেই ক্ষমতার দাপটে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেল তুলে নিয়ে গেলেন ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন।

দাপুটে এই মতিউর রহমান মতিন মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

জানা গেছে, মেহেরপুর শহরের মফিজুল ইসলামের ছেলে মিলন হোসেন ও শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন প্রাইভেট কারে যার নং ঢকা মেট্রো-গ- ২৮-৮৬৪৮) যোগে মেহেরপুর থেকে কুষ্টিয়া যাচ্ছিলেন। আর বেপরোয়া গতিতে প্রাইভেট কারটি চালাচ্ছিলেন নাহিদ হোসেন।

এসময় গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে রাজা

মিয়া ও তার অপর বন্ধু মিলে মেহেরপুরে যাচ্ছিলেন।

গাংনী বনবিভাগের সামনে একটি ইজিবাইক ওভারটেক করার সময় প্রাইভেট কারটি এসে মোটরসাইকেলটিকে স্বজোরে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে। এতে আহত হয় মোটরাসাইকেল চালক রাজা মিয়া।

আহত রাজাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে আজ মঙ্গলবার (২৩ আগষ্ট) দুপুরের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত রাজার দুলাভাই গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের শিক্ষক আবু হোসেন বলেন, রাজার ডান পা ভেঙ্গে গেছে। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

গতকাল সোমবার (২২ আগষ্ট) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকায় প্রাইভেট কারের সাথে মোটরসাইকেলের এই দুর্ঘটনা ঘটে।

আহত রাজা বলেন, মোটরসাইকেল যোগে মেহেরপুর যাওয়ার পথে গাংনী বনবিভাগের সামনে একটি ব্যাটারী চালিত ইজিবাইককে ওভারটেক করার সময় সামনের দিক থেকে আসা দ্রুতগামী প্রাইভেট কার আমাদের এসে ধাক্কা দিলে রাস্তার পাশে ছিটকে পড়ি।

এসময় আমাকে স্থানীয়রা তুলে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করছিল। ওই প্রাইভেট কারের ভিতরে থাকা যাত্রীরা আমাকে কোনো ধরণের সহযোগীতা না দিয়ে আমার গাড়িটি ছিনিয়ে নিয়ে চলে যায়। এসময় কিছু মানুষ তাকে বাধা দিলেও জোর করে গাড়ি ছিনিয়ে নিয়ে চলে যায়।

শিক্ষক আবু হোসেন বলেন, দুর্ঘটনায় আমার শ্যালক রাজা মিয়া মারাত্বক আহত হলেও তাকে চিকিৎসার ব্যবস্থা না করেই জোর করে মোটরাসাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যায় এই চেয়ারম্যান।

প্রত্যক্ষদর্শি সাগর ও জামান হোসেন জানান, প্রাইভেট কারটির গতি বেপরোয়া থাকলেও ভিতরে থাকা যাত্রী নিজেকে শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পরিচয় দিয়ে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি নিয়ে চলে যায়। আমরা বাঁধা দিলে সে নিজেকে চেয়ারম্যান ও মন্ত্রীর পরিচয় দিয়ে আমাদের ভয়ভীতি দেখায়।

এঘটনায় চেয়ারম্যান মতিউর রহমান মতিন বলেন, মোটরসাইকেল আরোহীরা

ছিল মাদকাসক্ত। তারা বেপরোয়া গতিতে এসে আমাদের প্রাইভেট কারের সামনের অংশ ভেঙ্গে দিয়েছে। এখানে প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তাই মোটরসাইকেল নিয়ে এসে আমার ইউনিয়ন পরিষদে রেখে দিয়েছি।ইউনিয়ন পরিষদের বসেই তাদের বিচার হবে। প্রাইভেট কার মেরামতের ২ লক্ষ টাকা জরিমানা নিয়ে তারপর গাড়ি দেওয়া হবে। আহতকে চিকিৎসার ব্যবস্থা না করে মোটরসাইকেল তুলে নিয়ে আসলেন কেনো এমন প্রশ্নের জবাব দেননি চেয়ারম্যান মতিন।

এঘটনায় আহত রাজা বাদি হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছে। অভিযোগপত্রটি পাওয়ার পরে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ চেয়ারম্যান মতিনের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি নিজেকে মন্ত্রীর লোক পরিচয় দিয়ে বলেন, ওদেরকে আমার ইউনিয়ন পরিষদে পাঠিয়ে দেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি আমার কানে আসার পর আমি খোঁজ খবর নিয়েছি। বিষয়টি মিমাংসার জন্য তাগিদ দেওয়া হয়েছে।

মেহেরপুরসহ সকল জেলা পরিষদের ভোট ১৭ অক্টোবর

আগামী ১৭ অক্টোবর মেহেরপুরসহ দেশের ৬১টি জেলা পরিষদের ভোট অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন (ইসি) মঙ্গলবার এ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।

ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র জমা দেয়ার শেষ সময় ১৫ সেপ্টেম্বর। মনোনয়নপত্র বাছাই ১৮ সেপ্টেম্বর, মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় ২৫ সেপ্টেম্বর এবং প্রতীক বরাদ্দ ২৬ সেপ্টেম্বর।

জেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ হবে ইভিএমে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকরা এই নির্বাচনের রিটার্নিং কর্মকর্তার দায়িত্ব পালন

করবেন।

এদিকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সর্বোচ্চ দেড়শো আসনে ইভিএম ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

মঙ্গলবার কমিশনের সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সভা শেষে কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ সাংবাদিকদের এসব তথ্য জানান।

মেহেরপুরে বেশি দামে সার বিক্রির দায়ে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরে বিএডিসি সার ডিলার মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে বেশি দামে ইউরিয়া ও টিএসপি সার বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার বামনপাড়ায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, বামনপাড়ায় বিএডিসি সার ডিলার মেসার্স মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামক প্রতিষ্ঠানে তদারকিকালে সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মুল্যে সার বিক্রয়ের প্রমাণ পাওয়া যায়। তাদের গোপন নথিপত্র চেক করে ১১০০ টাকার ইউরিয়া ১২৬০ টাকা ও ১১০০ টাকার টিএসপি সার ১৭৫০ টাকাসহ অন্যান্য সারও বেশি দামে বিক্রয়ের গোপন রশিদ জব্দ করা হয়।

তিনি আরো জানান, নির্ধারিত মূল্যের অধিক মুল্যে সার বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শহরের হোটেল বাজারের বেশ কয়েকটি দোকানে চাউল, তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার তদারকি করা হয় এবং ক্রয় বিক্রয় ভাউচার ও মুল্যতালিকা তদারকি করা হয়। ব্যবসায়ীদের অযৌক্তিক মূল্যবৃদ্ধি ও অতিমুনাফার বিষয়ে সতর্ক করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলাম ও পুলিশ লাইনের একটি টিম।

এ সংক্রান্ত আরো মেহেরপুরে দুই হোটেল ব্যবসায়ীর জরিমানা